# এইচ এস সি পরীক্ষা ২০১৭ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

বিষয় কোড | ১ | ২ | ৯ |

## বিষয় ঃ পরিসংখ্যান ১ম পত্র (সৃজনশীল)

**সময় ঃ ২ ঘন্টা ৩০ মিনিট** **পূর্ণমান—৫০**

[ প্রত্যেক বিভাগ হতে কমপক্ষে দুটি করে মোট পাঁচটি প্রশ্নের উত্তর দাও ]

### ক-বিভাগ

১. কোন ক্লাসে দশজন শিক্ষার্থীর ওজন কেজিতে 50, 60, 55, 65, 66, 70, 54, 64, 62 ও 72 পাওয়া গেল।

ক. গুণবাচক চলক কী? ১

খ. সপ্তাহে দিনের সংখ্যা কী চলক হতে পারে? ব্যাখ্যা কর। ২

গ. শিক্ষার্থীর ওজনের সমষ্টি নির্ণয় কর। ৩

ঘ. শিক্ষার্থীর ওজনের বর্গের সমষ্টি কী ওজনের সমষ্টির বর্গের সমান হতে পারে? তোমার মতামত দাও। ৪

২. ক, খ, গ, ঘ ও ঙ পাঁচ ভাই। তারা পৃথকভাবে নিজস্ব ব্যবসা পরিচালনা করে আসছে। বছর শেষে দেখা গেল তারা যথাক্রমে 2 লক্ষ, 4 লক্ষ, 8 লক্ষ, 16 লক্ষ ও 32 লক্ষ টাকা মুনাফা করেছে।

ক. গাণিতিক গড় কী? ১

খ. গুণবাচক তথ্যের ক্ষেত্রে গাণিতিক গড় নির্ণয় করা কী সম্ভব? ব্যাখ্যা কর। ২

গ. 'পাঁচ ভাইয়ের গড় মুনাফা থেকে মুনাফার পার্থক্যের সমষ্টি শূন্য'-নির্ণয় কর। ৩

ঘ. "পাঁচ ভাইয়ের মুনাফার কেন্দ্রীয় প্রবণতা পরিমাপে গাণিতিক গড় অপেক্ষা জ্যামিতিক গড় উত্তম"—গড় নির্ণয় পূর্বক বিশ্লেষণ কর। ৪

৩. বি এ এফ শাহীন কলেজের ২০ জন ছাত্র-ছাত্রীদের প্রাপ্ত নম্বর দেওয়া হলো—
74, 63, 51, 60, 40, 49, 70, 60, 50, 75, 80, 64, 65, 71, 48, 54, 55, 62, 71 ও 84

ক. প্রাথমিক তথ্য কী? ১

খ. প্রাথমিক ও মাধ্যমিক তথ্যের কোনটি নির্ভরযোগ্য তা ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের তথ্য হতে গণসংখ্যা নিবেশন তৈরি কর। ৩

ঘ. 'উদ্দীপকে অধিক সংখ্যক ছাত্র-ছাত্রীরা (60-70) নম্বর পেয়েছে'— লেখচিত্র অংকনের তোমার মতামত দাও। ৪

৪. X ও Y 2015 সালে 10 টি করে ক্রিকেট ম্যাচ খেলেছে। X এর রানের গড় ও পরিমিত ব্যবধান যথাক্রমে 45 ও 8 এবং Y এর রানের গড় ও পরিমিত ব্যবধান যথাক্রমে 40 ও 7।

ক. ভেদাংক কী? ১

খ. 'ভেদাংক সর্বদাই ধনাত্মক'—ব্যাখ্যা কর। ২

গ. X ও Y এর রানের গাণিতিক গড় নির্ণয় কর। ৩

http://teachingbd.com

ঘ. X ও Y এর মধ্যে কার রান অধিক সামঞ্জস্যপূর্ণ? বিশ্লেষণপূর্বক মতামত দাও। ৪

## খ-বিভাগ

৫. একটি নিবেশনের গাণিতিক গড় 5, নির্দিষ্ট মান 3 এর ভিত্তিতে নির্ণীত নিবেশনটির ২য় ও ৩য় পরিঘাত যথাক্রমে 7 ও 15।

ক. পরিঘাত কী? ১

খ. পরিঘাত ঋণাত্মক হতে পারে— ব্যাখ্যা কর। ২

গ. বিভেদাংক নির্ণয় কর। ৩

ঘ. 'উদ্দীপকের নিবেশনটি ধনাত্মক বঙ্কিম'—তুমি কি একমত? বঙ্কিমতা নির্ণয়পূর্বক মতামত দাও। ৪

৬. নিম্নে বহুনির্বাচনি প্রশ্ন ও সৃজনশীল প্রশ্নের প্রাপ্ত নম্বর দেয়া হলো ঃ

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| বহুনির্বাচনি প্রশ্ন প্রাপ্ত নম্বর | 22 | 23 | 23 | 24 | 26 | 27 | 27 | 28 | 30 | 30 |
| সৃজনশীল প্রশ্ন প্রাপ্ত নম্বর | 18 | 20 | 21 | 20 | 21 | 22 | 23 | 24 | 25 | 26 |

ক. সংশ্লেষ কী? ১

খ. সংশ্লেষাংক এককবিহীন সংখ্যা —ব্যাখ্যা কর। ২

গ. সহ ভেদাংক নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকে কার্ল পিয়ারসনের সংশ্লেষাংক নির্ণয় করে প্রাপ্ত ফলাফল সম্পর্কে মন্তব্য কর। ৪

৭. নিম্নে সারণিতে বিক্রয়ের পরিমাণ (মেট্রিক টনে) দেয়া হলো ঃ

| সাল | 2001 | 2002 | 2003 | 2004 | 2005 | 2006 | 2007 |
|---|---|---|---|---|---|---|---|
| বিক্রয় (মেট্রিক টনে) | 85 | 110 | 105 | 110 | 140 | 180 | 205 |

ক. কালীন সারি কী? ১

খ. আবহাওয়া পরিবর্তন কোন ধরনের প্রভাব—ব্যাখ্যা কর। ২

গ. আধাগড় পদ্ধতিতে সাধারণ ধারা নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকে কালীন সারির সবচেয়ে সহজ পদ্ধতিতে কালীনরেখা ও সাধারণ ধারা লেখচিত্রে উপস্থাপন করে মতামত দাও। ৪

৮. স্বাস্থ্য ও জনসংখ্যা নিয়ন্ত্রণ মন্ত্রণালয়, জনসংখ্যা নিয়ন্ত্রণ শাখা, স্বাস্থ্য দপ্তর প্রভৃতির মাধ্যমে জন্ম-মৃত্যু, রোগ-ব্যাধি, চিকিৎসা ও জনসংখ্যা নিয়ন্ত্রণ কার্যক্রম ইত্যাদি বিষয়ক তথ্য সংগ্রহ করে। এই তথ্য সাপ্তাহিক, মাসিক ও বার্ষিক রিপোর্টের পরিসংখ্যান প্রকাশ করা হয়ে থাকে।

ক. সরকারি পরিসংখ্যান কী? ১

খ. বাংলাদেশ ব্যাংকের ভূমিকা ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে পরিসংখ্যানের প্রধান উৎসসমূহ আলোচনা কর। ৩

ঘ. উদ্দীপকে পরিসংখ্যানের উৎকর্ষতা বৃদ্ধিতে কতিপয় সুপারিশ প্রণয়ন কর। ৪

Teachingbd.com

http://teachingbd.com

বিষয় ঃ পরিসংখ্যান ১ম পত্র (বহুনির্বাচনি) বিষয় কোড | ১ | ২ | ৯ |

সময় ঃ ২৫ মিনিট পূর্ণমান—২৫

**[ বিশেষ দ্রষ্টব্য ঃ সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১ ]**

১. পরিসংখ্যানের জনক কে?
ক বাউলী খ আর.এ.ফিশার
গ ইউল এবং কেন্ডাল ঘ কার্ল পিয়ারসন

২. ক্রিকেট খেলোয়াড়দের র‍্যাংকিং কোন ধরনের চলক?
ক বিচ্ছিন্ন খ অবিচ্ছিন্ন
গ গুণবাচক ঘ পরিমাণবাচক

৩. নিচের বিবৃতিগুলো লক্ষ্য কর—
i. পরিসংখ্যান সংখ্যায় প্রকাশিত
ii. পরিসংখ্যান হলো তথ্যের সমষ্টি
iii. পরিসংখ্যান কেবল একটি মাত্র কারণের ফল
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

৪. যে সব তথ্য পূর্বে প্রকাশিত তথ্য হতে সংগ্রহ করা হয় তাকে কী বলে?
ক প্রাথমিক তথ্য খ মাধ্যমিক তথ্য
গ গুণবাচক তথ্য ঘ পরিমাণবাচক তথ্য

৫. পাই চার্টে কোণ নির্ণয়ের সূত্র কোনটি?
ক $\theta_i = \frac{N}{f_i} \times 360°$ খ $\theta_i = \frac{f_i}{N} \times 360°$
গ $\theta_i = \frac{f_i}{N-1} \times 360°$ ঘ $\theta_i = \frac{N-1}{f_i} \times 360°$

৬. জরুরি প্রয়োজনে তথ্য সংগ্রহের উপযোগী পদ্ধতি হলো—
ক প্রত্যক্ষ ব্যক্তিগত অনুসন্ধান খ পরোক্ষ মৌখিক অনুসন্ধান
গ টেলিফোন সাক্ষাৎকার ঘ ডাকযোগে প্রশ্নপত্র প্রেরণ পদ্ধতি

৫, ৮, ৯, ১১, ৭ সংখ্যাগুলির জন্য ৭ ও ৮ প্রশ্নের উত্তর দাও ঃ

৭. উপরোক্ত তথ্যমালার গাণিতিক গড় কত?
ক ৭ খ ৮ গ ৬.৫ ঘ ৯

৮. উপরোক্ত তথ্যমালার জ্যামিতিক গড় কত?
ক ৮.১ খ ৭.৫ গ ৬.২ ঘ ৫.৩


৯. নিচের কোনটি সঠিক সম্পর্ক?
ক $AM \times HM = (GM)^2$ খ $AM \times HM = GM$
গ $GM \times HM = (AM)^2$ ঘ $AM \times GM = HM$

১০. দুটি সংখ্যার পরিসর ৮ হলে গড় ব্যবধান ও পরিমিত ব্যাবধান কত?
ক ৪, ৪ খ ৪, ৮ গ ৮, ৪ ঘ ১৬, ১৬

১১. প্রথম n স্বাভাবিক সংখ্যার ভেদাংক কত?
ক $\frac{n^2-1}{12}$ খ $\sqrt{\frac{n^2-1}{12}}$ গ $\frac{n^2+1}{12}$ ঘ $\sqrt{\frac{n^2-1}{3}}$

১২. - 2a, -a, 0, a, 2a সংখ্যাগুলির পরিমিত ব্যবধান কত?
ক $a\sqrt{2}$ খ 0 গ $\sqrt{2}$ ঘ a

**নিচের উদ্দীপকের আলোকে ১৩ ও ১৪ নং প্রশ্নের উত্তর দাও ঃ**
প্রথম সেমিস্টার পরীক্ষায় ছাত্রদের প্রাপ্ত নম্বরের গণসংখ্যা রেখাটি নিম্নরূপ ঃ




১৩. উপরের গণসংখ্যা রেখা হতে নিম্নের কোন সম্পর্কটি সঠিক?
ক $\bar{x} > M_e > M_o$ খ $\bar{x} < M_e < M_o$
গ $\bar{x} = M_e = M_o$ ঘ $\bar{x} \neq M_e \neq M_o$

১৪. উপরের গণসংখ্যা রেখা হতে প্রাপ্ত নম্বরের প্রকৃতি হবে—
ক ধনাত্মক বঙ্কিমতা খ ঋণাত্মক বঙ্কিমতা
গ অতি সূঁচাল ঘ অনতি সূঁচাল

১৫. সূঁচালতা কত প্রকার?
ক ২ খ ৩ গ ৪ ঘ ৫

১৬. সংশ্লেষাংক r এর মানের সীমা কত?
ক $-1 \le r \le 1$ খ $-1 \le r \le 0$
গ $0 \le r \le 1$ ঘ $-\infty \le r \le \infty$

১৭. $y = 3x + 4$ হলে x ও y চলকের মধ্যকার সংশ্লেষাংকের মান কত?
ক $r_{xy} = 1$ খ $r_{xy} = -1$
গ $r_{xy} = 0$ ঘ $r_{xy} = 0.75$

১৮. সংশ্লেষাংক ও নির্ভরাংক এর মধ্যে সম্পর্ক—
i. $r = \sqrt{b_{xy} \times b_{yx}}$ ii. $\frac{b_{yx} + b_{xy}}{2} \ge r$
iii. $r^2 = b_{xy} \times b_{yx}$
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

১৯. সময়ের পরিবর্তনের সাথে সাথে অর্থনৈতিক ক্ষেত্রে যে উত্থান-পতন ও পুনর্জাগরণ দেখা যায় তাকে কী বলে?
ক সাধারণ ধারা খ ঋতুগত ভেদ
গ চক্র-ক্রমিক ভেদ ঘ অনিয়মিত ভেদ

২০. সাধারণ ধারা নির্ণয়ের পদ্ধতিগুলো হলো —
i. লৈখিক পদ্ধতি ii. আধাগড় পদ্ধতি
iii. চলমান গড় পদ্ধতি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২১. কালীনসারির উপাদানসমূহের যোজন মডেল কোনটি?
ক $Y = T + S + C + I$ খ $Y = T \times S \times C \times I$
গ $Y = T + S + U + I$ ঘ $Y = T \times S \times U \times P$

২২. যে সকল পরিসংখ্যান বিভিন্ন সরকারি প্রতিষ্ঠান বা মন্ত্রণালয় কর্তৃক সংগৃহীত, সংকলিত ও প্রকাশিত হয় তাকে কী বলে?
ক আধা-সরকারি পরিসংখ্যান খ সরকারি পরিসংখ্যান
গ বেসরকারি পরিসংখ্যান ঘ একটিও নয়

২৩. BBS এর পূর্ণরূপ কী?
ক Bangladesh Burean of Statistics
খ Bangladesh Burean of Service
গ Bangladesh Bank of Statistics
ঘ কোনটিই নয়

২৪. যদি বাংলাদেশের সকল জনসাধারণ একটি সমগ্রক হয় তাহলে ঢাকা শহরের সকল জনসাধারণ কী হবে?
ক তথ্য খ তথ্যবিশ্ব
গ নমুনা ঘ পরিসংখ্যান

২৫. বাংলাদেশে সর্বপ্রথম কত সালে আদমশুমারী হয়?
ক ১৯৭১ খ ১৯৭২
গ ১৯৭৩ ঘ ১৯৭৪

Teachingbd.com

http://teachingbd.com